## ৩য় ও ৪র্থ শ্রেণীর জন্য

# নির্দিষ্ট কিছু কৃত্যালি






AHEAD Initiatives

# ৩য় শ্রেণীর জন্য নির্দিষ্ট কিছু কৃত্যালি

বইয়ের নাম : আমাদের পরিবেশ
বিষয় : শাকপাতার খোঁজে (পৃষ্ঠা নং: ২৮)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের জানা, অজানা বিভিন্ন শাকের (যেমনঃ- ব্রাম্ভি শাক, পালং শাক, নটে শাক, বেতো শাক, ঢেঁকি শাক ইত্যাদি) কি গুণ তা জানাবে। ছাত্র ছাত্রীরা বিভিন্ন দলে ভাগ হয়ে গিয়ে আলোচনা করে তাদের খাতায় লিখবে দেয়াল পত্রিকার জন্য।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের বাইরে নিয়ে গিয়ে বিভিন্ন শাক (যেমনঃ- ব্রাম্ভি শাক, পালং শাক, নটে শাক, বেতো শাক, ঢেঁকি শাক ইত্যাদি) চেনাবে।

বিষয় : ফল খওয়ার সুফল (পৃষ্ঠা নং: ৩৬)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তি স্থানীয় বিভিন্ন ফল গাছের পাতা/ফল/ফুল নিয়ে আসবে এবং ছাত্রছাত্রীরা সেগুলি চিনতে পারে কিনা দেখবে। এরপর সেইসব ফলের গুণাগুণ নিয়ে আলোচনা করবে এবং পরে দল করে খাতায় লিখবে। এটিও দেয়াল পত্রিকায় দেওয়া যেতে পারে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

ছাত্রছাত্রীদের বলা হবে বিভিন্ন ফল গাছ বাড়ির আশপাশ থেকে চিনে আসতে

ছাত্রছাত্রীরা হাতে কলমে ফল গাছের নার্সারী তৈরী করা শিখবে সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তির মাধ্যমে

বইয়ের নাম : পাতাবাহার
বিষয় : প্রচলিত গল্প (পৃষ্ঠা নং: ৪)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের মাধ্যমে ছাত্রছাত্রীরা স্থানীয় প্রচলিত গল্প শুনবে এবং পরে তারা নিজেরা ক্লাসরুমে গল্প শোনাবে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

ছাত্র-ছাত্রীরা এলাকার বয়স্ক মানুষদের বা পিতা মাতার কাছ থেকে বিভিন্ন প্রচলিত গল্প শুনবে এবং লিখিত আকারে সংগ্রহ করবে।

বিষয় : আমরা চাষ করি আনন্দে (পৃষ্ঠা নং: ১০)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের চাষের কাজে কি কি যন্ত্রপাতি কোন কোন কাজে লাগে তা জানাবে। এলাকায় মরসুম ভিত্তিক যে সমস্ত চাষ হয় ছাত্র-ছাত্রীরা তাও দেখবে ও জানবে। পাশাপাশি ফসলগুলির উপকারিতাও জানবে। এরপর মরসুম ভিত্তিক চাষের ক্যালেন্ডার ও চাষের যন্ত্রপাতির ক্যালেন্ডার বানাবে ছাত্র-ছাত্রিরা।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের মরসুম ভিত্তিক যে সমস্ত চাষ হয় তা এলাকায় ঘুরে ঘুরে দেখাবে বোঝাবে ও জানাবে। যেমনঃ- ধান, গম, পাট, নানা ধরনের ডাল ইতাদি

বইয়ের নাম : মূল্যবোধ ও শরীরচর্চা
বিষয় : মূল্যবোধ ও শরীরচর্চা

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের মাধ্যমে মনীষীদের কথা জানবে ছাত্রছাত্রীরা। (এই ক্ষেত্রে "মহান চিন্তাবিদদের ভাবনায় শিক্ষা" ও "নবদিশা" ব্যবহার করা যেতে পারে।) পরে ছাত্রছাত্রীরা এই গল্পগুলো ক্লাসে যেটুকু পারে বলবে।

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের কোন যোগাসনের কি গুণ তা জানাবে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের নিয়ে মণীষীদের ওপর ছোট ছোট নাটিকা করতে শেখাবো

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের কিছু যোগাসন শেখাবে।

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের বিভিন্ন খেলতে শেখাবে যে সমস্ত আঞ্চলিক খেলা আছে।

# ৪র্থ শ্রেণীর জন্য নির্দিষ্ট কিছু কৃত্যালি

বইয়ের নাম : আমাদের পরিবেশ
বিষয় : জলের উদ্ভিদ আর ডাঙার উদ্ভিদ (পৃষ্ঠা নং: ৫)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের নিয়ে গ্রুপ করে বিভিন্ন ভাগের স্থানীয় উদ্ভিদগুলির তালিকা তৈরী করবে যা দেওয়াল পত্রিকাতে দেওয়া যেতে পারে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

ছাত্রছাত্রীরা তাদের এলাকায় পুকুর পাড়ে, ডাঙ্গায় কি কি গাছ হয় তা দেখবে এবং একটি তালিকা তৈরী করবে। যেমনঃ- জলের গাছ, ডাঙার গাছ, কাঁটা আছে এমন গাছ, ফুল-ফল হয় এমন গাছ, কাঠ পাওয়া যায় এমন গাছ, লতানো গাছ ইত্যাদি

বিষয় : গাছ আমাদের প্রাণ (পৃষ্ঠা নং: ৮০)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের বোঝাবে কেন "গাছ আমাদের প্রাণ" পাশাপাশি তারা বিভিন্ন ফলের গুণাগুণ নিয়ে আলোচনা করবে এবং পরে দল করে খাতায় লিখবে। এটিও দেয়াল পত্রিকায় দেওয়া যেতে পারে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

ছাত্রছাত্রীদের বলা হবে বিভিন্ন ফল গাছ বাড়ির আশপাশ থেকে চিনে আসতে এবং ছাত্রছাত্রীরা হাতে কলমে ফল গাছের নার্সারী তৈরী করা শিখবে সি

আর ও, শিক্ষক/শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তির মাধ্যমে। পরবর্তিতে তৈরী করা চারা তারা স্কুলে লাগাবে ও বাড়িতে নিয়ে যাবে।

বিষয় : সাপের কামড় থেকে সাবধান (পৃষ্ঠা নং: ৯৪)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের মাধ্যমে ছাত্রছাত্রীরা স্থানীয় বিভিন্ন ধরণের বিষ ও বিষহীন সাপ সম্পর্কে জানবে এবং সাপের ভি ডি ও - টি দেখবে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সহযোগীতায় শিক্ষক-শিক্ষিকাদের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা সাপ কামড়ালে ওঝা, গুণীন বা কোনো তুকতাক কাজ করে না সেই সম্পর্কে একটি ছোট নাটক শিখবে।

বিষয় : রোগ সারাতে গাছ- “খুঁজবো গাছ সারাব রোগ” (পৃষ্ঠা নং: ৯৫)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের কোন ওষধি গাছের (যেমনঃ- কালমেঘ, তুলসি, বাসক ইত্যাদি) কি কি গুণ আছে তা জানাবে , কোন গাছের কোন অংশ কিভাবে ব্যবহার হয় তা শিখবে এবং একটি রোগ ভিত্তিক গাছের তালিকা তৈরী করবে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

ছাত্র-ছাত্রীরা তাদের এলাকায় যে সমস্ত রোগ সারানোর গাছগাছালি আছে

সেগুলি ঘুরে ঘুরে চিনবে এবং গাছগুলির পাতা নিয়ে আসবে । চেষ্টা থাকবে ফল গাছের নার্সারিতে ওষধি গাছের চারা তৈরী করবে।

বিষয় : নানা রকম হাতের কাজ ও জীবিকা (পৃষ্ঠা নং: ১০২)

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের মাটি দিয়ে নানা রকম জিনিষ তৈরি করা শেখাবে, কাগজ দিয়ে মুখোশ করা শেখাবে, নকশী কাঁথা তৈরি করা শেখাবে, ফেলে দেওয়া জিনিষ দিয়ে বিভিন্ন জিনিষ বানানো শেখাবে, শোলা দিয়ে বিভিন্ন জিনিষ তৈরী শেখাবে, কাগজ দিয়ে নানা জিনিষ বানানো শেখাবে ইত্যাদি।

বিষয় : নানা ধরনের লোকগান (পৃষ্ঠা নং: ১১২)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও, শিক্ষক/ শিক্ষিকা বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের মাধ্যমে ছাত্রছাত্রীরা স্থানীয় লোকগান শিখবে, সেইসব লোকগানের কোনো ইতিহাস থাকলে তা জানবে

বিষয় : নানা জেলায় নানা নাচ (পৃষ্ঠা নং: ১১৩)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের স্থানীয় নানা লোকনৃত্য যেমনঃ- পুরুলিয়ার ছৌ , আদিবাসী নাচ, মেচ ও রাভাদের নাচ, মুখোশ নাচ প্রভৃতি নাচের ইতিহাস জানাবে।

## শ্রেণীকক্ষের বাইরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/

শিক্ষিকারা ছাত্রছাত্রীদের স্থানীয় নানা লোকনৃত্য শেখাবে (যেমনঃ- পুরুলিয়ার ছৌ, আদিবাসী নাচ, মেচ ও রাভাদের নাচ, মুখোশ নাচ ইত্যাদি)

বিষয় : রকমফেরে রান্নাবান্না আর খাওয়াদাওয়া (পৃষ্ঠা নং: ১৩০)

## শ্রেণীকক্ষের ভিতরের কৃত্যালী

সি আর ও বা গ্রামের কোনো অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিয়ে শিক্ষক/ শিক্ষিকারা ছাত্রছাত্রীদের বিভিন্ন উৎসবে ও স্থানীয় অঞ্চলভিত্তিক যে সমস্ত বিশেষ রান্না হয় যেমনঃ- নবান্ন, তালনবমী, ঈদ, দুর্গাপূজা, টুসু, ইত্যাদি তে রান্না করে খাবার খাওয়া হয় সেই পদগুলি হাতে কলমে স্কুলে শেখাবে।


৫/১/২/জি, কর্ণফিল্ড রোড, কলকাতা- ৭০০০১৯, ফোন- ০৩৩ ৪০৬৭ ০৩৬৯